সংবাদ

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ৩ ৬ কলাম ৭

# এবার শিক্ষা খাতে চালু হচ্ছে পিপিপি প্রকল্প

নিজস্ব বার্তা পরিবেশক

এবার শিক্ষা খাতে 'পাবলিক প্রাইভেট পার্টনারশিপ' (পিপিপি) প্রকল্প চালুর উদ্যোগ নেয়া হয়েছে। মাধ্যমিক স্তরে আন্তর্জাতিক মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সরকার ও ব্যক্তি উদ্যোগে সারাদেশে আবাসিক স্কুল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রথমে বিভাগীয় পর্যায়ে, পরে জেলা ও উপজেলা পর্যায়ে পিপিপির মাধ্যমে নির্মাণ করা হবে আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান।

জানা গেছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) ইতোমধ্যে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম'র (সেসিপ) সহায়তায় পিপিপি প্রকল্পের কার্যক্রম শুরু করেছে। প্রণয়ন করা হচ্ছে 'প্রকল্প উন্নয়ন পরিকল্পনা' (ডিপিপি)। প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি জানাতে আগামীকাল রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এক কর্মশালার আয়োজন করছে।

এ ব্যাপারে মাউশি'র মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান বলেছেন, 'বিদ্যুৎ ও জ্বালানি, যোগাযোগসহ কয়েকটি খাতে পিপিপি প্রকল্পের সফল বাস্তবায়ন আমরা দেখেছি। মাধ্যমিক শিক্ষা স্তরে আন্তর্জাতিক মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সরকার ও ব্যক্তি উদ্যোগে আমরা আবাসিক স্কুল নির্মাণের পরিকল্পনা হাতে নিয়েছি। পর্যায়ক্রমে পিপিপির মাধ্যমে নির্মাণ করা হবে আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। আমরা চাই প্রতিষ্ঠানগুলো হবে রেসিডেন্সিয়াল মডেল, ভিকারুননিসা নূন, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, নটর ডেম কলেজের মতো মানসম্মত প্রতিষ্ঠান।'

প্রকল্প কর্মকর্তারা জানিয়েছেন, স্কুল পরিচালনার জন্য সরকার ও বিনিয়োগকারীদের মধ্যে ২০ থেকে ২৫ বছর মেয়াদি চুক্তি হবে। প্রকল্প বাস্তবায়নে খরচ ধরা হয়েছে আড়াই হাজার কোটি টাকা।

বর্তমানে দেশে সরকারি স্কুলের চেয়ে বেসরকারি স্কুলের সংখ্যা কয়েকগুণ বেশি। ব্যক্তি উদ্যোগে এসব শিক্ষাপ্রতিষ্ঠান নির্মাণ করা হলেও সরকারই মূলত অর্থ-সহায়তা দিয়ে থাকে। মাধ্যমিক শিক্ষার স্তরে সরকার বেসরকারি প্রতিষ্ঠানেই ব্যয় করে ৬৭ ভাগ অর্থ। বাজেটের বাকি অংশ সরকারি প্রতিষ্ঠানের পেছনে ব্যয় হয়। এসব বিষয় মাথায় রেখেই ব্যক্তি ও সরকারি উদ্যোগে হাইস্কুল নির্মাণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জানা গেছে, পিপিপি ঘোষণার পর ২০১০ সালে পিপিপি নীতিমালা ও কৌশল, ২০১২ সালে পিপিপি কারিগরি সহায়তা অর্থায়ন নীতিমালা (পিপিপিটিএএফ) ও পিপিপিটিএএফ কর্মসূচি এবং গত বছর পিপিপি আইন করা হয়। এর বাইরে পিপিপি প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতকে আকৃষ্ট করতে গঠন করা হয় 'বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফিন্যান্স ফান্ড লিমিটেড' (বিআইএফএফএল) নামের একটি কোম্পানি।